

B.A. 1st Semester (Honours) Examination, 2017 (CBCS)

Subject : Bengali

Paper : CC-I

সময় : তিন ঘণ্টা

পূর্ণমান : ৬০

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমানের নির্দেশক।
পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দাও।

১। যে-কোনো দশটি প্রশ্নের পূর্ণবাক্যে উত্তর দাও:

২×১০=২০

- (ক) 'শ্রীকৃষ্ণকীর্তন'-এর পুথি কে, কোন সালে আবিষ্কার করেছিলেন? পুথিটি গ্রন্থাকারে কবে প্রকাশিত হয়?
- (খ) চৈতন্যজীবনী সাহিত্যের ধারায় জয়ানন্দের কাব্যটির নাম কী? এই কাব্যের কয়টি খণ্ড?
- (গ) চর্যাপদের ভাষাকে কোন অভিধায় চিহ্নিত করা হয়? চর্যাপদে প্রধানত কোন রীতির ছন্দ অবলম্বিত হয়েছে?
- (ঘ) মধ্যযুগের কোন কবিকে 'অভিনব জয়দেব' আখ্যায় ভূষিত করা হয়? তাঁর দুটি কাব্যের নাম উল্লেখ করো।
- (ঙ) কোন কবির কাব্য 'পরাগলী মহাভারত' হিসেবে পরিচিত? পরাগল খাঁ কোথাকার শাসক ছিলেন?
- (চ) বাংলায় 'মনসামঙ্গল' কাব্যের কয়টি ধারা লক্ষ করা যায়? সেগুলির নাম লেখো।
- (ছ) কবিকঙ্কণের চণ্ডীমঙ্গলের অপর নাম কী? কাব্যটির কয়টি খণ্ড ও কী কী?
- (জ) 'চৈতন্যদেব প্রথম কার কাছে 'দশাম্বর গোপাল মন্ত্র' নিয়েছিলেন? নীলাচলে (পুরীধামে) তিনি আনুমানিক মোট কত বছর ছিলেন?
- (ঝ) বৃন্দাবনের ষড়গোস্বামীর নাম লেখো।
- (ঞ) কাশীরাম দাসের মহাভারতের কতটুকু কাশীরাম দাসের রচনা? বাকি অংশ কে সমাপ্ত করেন?
- (ট) বৃন্দাবনদাসের চৈতন্যভাগবত গ্রন্থের মোট কয়টি খণ্ড ও কয়টি অধ্যায়?
- (ঠ) দৌলত কাজীর 'লোরচন্দ্রানী' কাব্যটির প্রেরণাগত উৎসের নাম লেখো। কাব্যটির শেষাংশ কার রচনা?
- (ড) 'মৈমনসিংহ গীতিকা'র পালাগুলি কার উদ্যোগে সংগৃহীত হয়? এর অন্তর্গত দুটি পালার নাম লেখো।
- (ঢ) বৈষ্ণব সাহিত্যে 'দ্বিতীয় বিদ্যাপতি' নামে কোন কবি সমধিক পরিচিত? কোন রসপর্যায়ে তাঁর শ্রেষ্ঠত্ব?
- (ণ) শাক্তকবি কমলাকান্ত কোন রাজার সান্নিধ্য ও উৎসাহ লাভ করেছিলেন? তাঁর আত্মপরিচয় কোন গ্রন্থ থেকে জানা যায়?

Please Turn Over

- ২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও: ৫×৪=২০
- (ক) 'শ্রীকৃষ্ণকীর্তন'কে কেন 'নাটগীতিকাব্য' বলা হয় তা দৃষ্টান্তসহ সংক্ষেপে আলোচনা করো। ৫
- (খ) বিজয়গুপ্তের 'মনসামঙ্গল' কাব্যটির নাম কী? সংক্ষেপে কাব্যটির পরিচয় দাও। ১+৪=৫
- (গ) মহাভারত অনুবাদে কাশীরাম দাসের কৃতিত্ব সংক্ষেপে আলোচনা করো। ৫
- (ঘ) রামপ্রসাদ সেনের শাক্তপদগুলির বৈশিষ্ট্যের পরিচয় দাও। ৫
- (ঙ) চর্যাগীতিতে প্রতিফলিত সমাজচিত্রের সংক্ষিপ্ত পরিচয় দাও। ৫
- (চ) বাংলার বাউল গানের ঐতিহ্য সম্পর্কে একটি সংক্ষিপ্ত নিবন্ধ রচনা করো। ৫
- ৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও: ১০×২=২০
- (ক) বিদ্যাপতি কোন রাজ্যের কোন রাজার সভাকবি ছিলেন? বৈষ্ণবপদ সাহিত্যে বিদ্যাপতির অবদান আলোচনা করো। ২+৮=১০
- (খ) অনুবাদ সাহিত্যের ধারায় কবি কৃত্তিবাসের কৃতিত্ব বিচার করো। কৃত্তিবাসী রামায়ণ বাঙালি পাঠকের কাছে এত জনপ্রিয় কেন? ৭+৩=১০
- (গ) ধর্মমঙ্গল কাব্যধারার শ্রেষ্ঠ কবি কে? তাঁর কাব্যের সংক্ষিপ্ত পরিচয় দিয়ে শ্রেষ্ঠত্বের কারণগুলি নির্দেশ করো। ১+৬+৩=১০
- (ঘ) সপ্তদশ শতকের কবি আলাওলের কবিকৃতিত্ব আলোচনা করো। ১০